জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি এসআই (নিঃ)/নিতাই চন্দ্র রায়, রাণীশংকৈল থানা, অফিসার ইনচার্জ স্যারের নেতৃত্বে সঙ্গীয় এএসআই(নিঃ)/মোঃ সামিউল ইসলাম, কং/৩১৩ মোঃ মোক্তাদির হোসেন, কং/৭৩১ মোঃ রবিউল ইসলাম, ড্রাইঃ কং/৬৪২ মোঃ হারুনুর রশিদ, ড্রাই কং/৫২৭ মোঃ হাফিজ উদ্দিন, সকলেই রানীশংকৈল থানা, জেলা-ঠাকুরগাঁওসহ ধৃত আসামী ১। মোঃ মাসুদ রানা(২৯), পিতা-মৃত জামাল উদ্দিন, মাতা-মোছাঃ মাসুদা আক্তার, সাং-রঘুনাথপুর, ২। শ্রী প্রদীপ দাস(২০), পিতা-মৃত রাম প্রসাদদাস, মাতা-সমারী দাশ, সাং-মিত্রবাটি (জোরাকবর), থানা-পীরগঞ্জ, উভয়ের জেলা-ঠাকুরগাঁও এবং নিম্ন বর্ণিত জব্দকৃত আলামতসহ থানায় হাজির হইয়া ধৃত ও পলাতক আসামী ৩। শ্রী শ্যামল দাস(২২), পিতা-মৃত রাম প্রসাদদাস, মাতা-সমারী দাশ, সাং-মিত্রবাটি (জোরাকবর), থানা-পীরগঞ্জ, জেলা-ঠাকুরগাঁওগনের বিরুদ্ধে এই মর্মে এজাহার প্রদান করিতেছি যে, রাণীশংকৈল থানার জিডি নং-২৬৪, তারিখ-০৫/০৯/২০২৬ খ্রিঃ মোতাবেক সঙ্গীয় ফোর্সসহ সরকারি পিকআপ যোগে অত্র থানা এলাকায় আইন-শৃঙ্খলা, গ্রেফতারী পরোয়ানা তামিল ও মাদক বিরোধী অভিযান ডিউটিতে নিয়োজিত থাকাকালে রাত্রী ২০.৩০ ঘটিকায় রানীশংকৈল থানাধীন ০৪ নং লেহেম্বা ইউপির অন্তর্গত গোগর ঝাড়বাড়ী গোগর সরকারি প্রাথমিক বিদ্যালয় এর মেইন গেটের সামনে পাকা রাস্তার উপর একজন ব্যক্তি পুলিশের টহল গাড়ির উপস্থিতি দেখতে পেয়ে দৌড়াইয়া পলায়নের চেষ্টা করিলে সঙ্গীয় অফিসার ও ফোর্সের সহায়তায় তাকে ঘটনাস্থলেই আটক করি। উপস্থিত সাক্ষী ০১। মোঃ দেলোয়ার হোসেন (৩৬), মোবা: ০১৭১৪-৭০১৪৯৩, পিতা-মোঃ মুক্তারুল ইসলাম, মাতা-রোকেয়া বেগম, সাং-গোগর ঝাড়বাড়ী, ০২। বিশ্বজিত কর্মকার(২৫), (মোবা: ০১৩১৫-২৫৫৯২০), পিতা-মৃত কৃঞ্চ কর্মকার, মাতা-সন্ধ্যা রানী কর্মকার, সাং-গোগর ঝাড়বাড়ী, উভয়ের থানা-রাণীশংকৈল, জেলা-ঠাকুরগাঁও ৩। কং/৩১৩ মোঃ মোক্তাদির হোসেন, বিপি-৯১১১১৩৩৯৩৯, মোবা: ০১৭৩৪-৬২৩৬১২, রাণীশংকৈল থানা, ঠাকুরগাঁওগনের উপস্থিতিতে সঙ্গে থাকা পর্যাপ্ত টর্চ লাইটের আলোতে সাক্ষীদের দ্বারা আমিসহ সঙ্গীয় ফোর্সের দেহ তল্লাশী করাইয়া বিধি মোতাবেক ধৃত ১নং আসামী মোঃ মাসুদ রানা(২৯) এর দেহ তল্লাশী করাকালে তাহার লুঙ্গির ডান কোচ হইতে আসামীর নিজ হাতে বাহির করিয়া দেওয়া মতে একটি স্বচ্ছ পলিথিনে মোড়ানো ০৩ (তিন) পাতা, প্রতিটি পাতায় ১০ (দশ) টি করে ৩০(ত্রিশ) পিচ ট্যাপেনটাডল ট্যাবলেট উদ্ধার করি। যাহার প্যাকেটের গায়ে ইংরেজিতে Tapentadol Tablet 100 mg সহ ইংরেজিতে অন্যান্য লেখা আছে। যাহার প্রতিটির ওজন ০.২৭ গ্রাম, হিসেবে সর্বমোট ওজন (৩০×০.২৭)=৮.১ (আট দশমিক এক) গ্রাম, যাহার মূল্য অনুমান (৩০×২০০)=৬,০০০/- (ছয় হাজার) টাকা, মাদক বিক্রয়লব্ধ ৬,৬০০/- (ছয় হাজার ছয়শত) টাকা, উদ্ধার পূর্বক ইং ০৫/০৯/২০২৬ তারিখ রাত্রী ২০.৫৫ ঘটিকায় জব্দ তালিকা মূলে জব্দ করি। জব্দ তালিকায় সাক্ষীদের স্বাক্ষর গ্রহন করি, ধৃত আসামীর স্বাক্ষর গ্রহণ করি এবং জব্দ তালিকায় আমি নিজেও স্বাক্ষর করি। উক্ত আসামীর নিকট হতে প্রাপ্ত জব্দকৃত মালামাল নিজ হেফাজতে গ্রহন করি। সাক্ষীদের সামনে ধৃত আসামীকে জিজ্ঞাসাবাদ করিলে উপরোক্ত নাম ঠিকানা প্রকাশ করে এবং তাকে আরোও জিজ্ঞাসাবাদ করিলে জানা যায় সে উক্ত মালামালগুলি পীরগঞ্জ থানাধীন পৌরসভার অন্তর্গত মিত্রবাড়ি (জোরাকবর) গ্রামস্থ রেল লাইনের পূর্ব পার্শ্বে জনৈক শ্রী প্রদীপ দাস এর নিকট থেকে ক্রয় করে বিক্রয়ের উদ্দেশ্যে ফেরার পথে আমাদের দ্বারা ধৃত হয়েছে। তাৎক্ষনিক উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে পীরগঞ্জ থানার অফিসার ইনচার্জ মহোদয়কে মুঠোফোনে সংশ্লিষ্ট এলাকায় অভিযানের বিষয়ে অবহিত করলে পীরগঞ্জ থানা পুলিশের রাত্রীকালীন মোবাইল টিম আমাদের সাথে গোগর বাজারে সমবেত হলে আমরা সমন্বিতভাবে ইং ০৫/০৯/২০২৬ খ্রি. তারিখ রাত্রী ২১.৩০ ঘটিকায় পীরগঞ্জ থানাধীন পৌরসভার অন্তর্গত মিত্রবাড়ি (জোরাকবর) গ্রামস্থ রেল লাইনের পূর্ব পার্শ্বে জনৈক শ্রী প্রদীপ দাস এর বসত বাড়ির উদ্দেশ্যে রওনা করেন। ইং ০৫/০৯/২০২৬ খ্রি. তারিখ রাত্রী ২২.০০ ঘটিকায় ঘটনাস্থলে উপস্থিত হলে দুইজন ব্যক্তি পলায়নের চেষ্টকালে ২নং আসামীকে বাদী ঘটনাস্থলেই ধৃত করেন এবং ৩নং আসামী কৌশলে পালিয়ে যায়। উপস্থিত সাক্ষী ০১। মোঃ মোস্তফা কামাল(২৭), (মোবা: ০১৭৯২-৮৩১৭৩৩), পিতা-মোঃ ফজলুল হক, মাতা-মোছাঃ আলেয়া, ০২। মোঃ আব্দুল আহাদ(৩৮), (মোবা: ০১৮১-৪৪৩৯৮৬৯), পিতা-মোঃ আব্দুল হামিদ, মাতা-মোছাঃ আসমা খাতুন, সাং-মিত্রবাটি (জোরাকবর), থানা-পীরগঞ্জ, জেলা-ঠাকুরগাঁও, ৩। এসআই(নিঃ)/মোঃ রেজওয়ানুল আহমেদ রেজা, বিপি-৯৬২৫৩৩১৬, মোবা: ০১৭২৩-৪৯২৮৯৭, পীরগঞ্জ থানা, ঠাকুরগাঁওগনের উপস্থিতিতে পর্যাপ্ত বৈদ্যুতিক আলোত ও আমাদের সঙ্গে থাকা টর্চ লাইটের আলোতে সাক্ষীদের দ্বারা আমিসহ সঙ্গীয় অফিসার ও ফোর্সের দেহ তল্লাশী করাইয়া বিধি মোতাবেক ধৃত ২নং আসামী শ্রী প্রদীপ দাস(২০) এর বসত বাড়ি তল্লাশীকালে তার শয়নঘরের খাটের তোশকের নিচে খরচ করা প্লাস্টিকের বাজারের ব্যাগের মধ্যে পলিথিনো মোড়ানো অবস্থায় প্রতিটি পাতায় ১০ (দশ) টি করে ১২২ টি পাতা ১,২২০ (এক হাজার দুইশত বিশ) পিচ, দুই পাতায় ০৮ (আট) টি করে ১৬(ষোল) টি, এক পাতায় ০৫(পাঁচ) টি, একটি করে ০৪ (চার)টি মোট ১২৪৫(এক হাজার দুইশত পঁয়চল্লিশ) পিচ ট্যাপেনটাডল ট্যাবলেট উদ্ধার করি। যাহার প্যাকেটের গায়ে ইংরেজিতে Tapentadol Tablet 100 mg সহ ইংরেজিতে অন্যান্য লেখা আছে। যাহার প্রতিটির ওজন ০.২৭ গ্রাম, হিসেবে সর্বমোট ওজন (৩০×০.২৭)=৩৩৬.১৫ (তিনশত ছত্রিশ দশমিক পনের) গ্রাম, যাহার মূল্য অনুমান (১২৪৫×২০০)=২,৪৯,০০০/- (দুই লক্ষ উনপঞ্চাশ হাজার) টাকা, মাদক বিক্রয়লব্ধ নগদ ৯৭,২০০/- (সাতানব্বই হাজার চারশত) টাকা উদ্ধার পূর্বক ইং ০৫/০৯/২০২৬ তারিখ রাত্রী ২৩.৩০ ঘটিকায় জব্দ তালিকা মূলে জব্দ করি। জব্দ তালিকায় সাক্ষীদের স্বাক্ষর গ্রহন করি, ধৃত আসামীর স্বাক্ষর গ্রহণ করি এবং জব্দ তালিকায় আমি নিজেও স্বাক্ষর করি। উক্ত আসামীগনের নিকট হতে প্রাপ্ত জব্দকৃত মালামাল নিজ হেফাজতে গ্রহন করি। সাক্ষীদের সামনে ধৃত আসামীকে জিজ্ঞাসাবাদ করিলে উপরোক্ত নাম ঠিকানা প্রকাশ করে এবং পলাতক আসামী শ্রী শ্যামল দাস(২২), পিতা-মৃত রাম প্রসাদ দাস, মাতা-সমারী দাশ, সাং-মিত্রবাটি (জোরাকবর), থানা-পীরগঞ্জ, জেলা-ঠাকুরগাঁও বলিয়া জানায়। ধৃত ২নং আসামীকে উক্ত মালামালগুলি কোথা হতে ক্রয় করিয়াছে মর্মে জিজ্ঞাসাবাদ করিলে বলে যে, জনৈক মোঃ জাকির হোসেন(৩০), পিতা-ছলিম উল্লা, সাং-বেকা পালিগাঁও, থানা-পীরগঞ্জ, জেলা-ঠাকুরগাঁও এর নিকট হতে ক্রয় করিয়া রাণীশংকৈল থানা ও পীরগঞ্জ থানার বিভিন্ন স্থানে পাইকারি বিক্রয়ের উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার কথা স্বীকার করে। আসামীগন নেশা জাতীয় মাদকদ্রব্য ট্যাপেনটডাল পরস্পরের সহায়তায় বিক্রয়ের উদ্দেশে নিজ হেফাজতে রাখিয়া ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ৩৬(১) সারনির ২৯(ক)/৪১ ধারার অপরাধ করিয়াছে। আরো মাদক উদ্ধারের চেষ্টা ও উর্দ্ধতন কর্তৃপক্ষের সহিত আলোচনা করিয়া এজাহার দায়ের করিতে সামান্য বিলম্ব হইল।

**থানার সিডিএমএস পর্যালোচনা করিয়া ধৃত ১নং আসামী মোঃ মাসুদ রানা(৩৯) এর বিরুদ্ধে নিম্নোক্ত মামলায় জড়িত পাওয়া গেলো:** ১। ১। (9JBJC) ঠাকুরগাঁও এর পীরগঞ্জ থানার এফআইআর নং-১৩, তারিখ- ১২ অক্টোবর, ২০২৩; জি আর নং-২৯২, তারিখ- ১২ অক্টোবর, ২০২৩; ধারা- ৩৬(১) সারণির ১০(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮; ২। (1U1JA) ঠাকুরগাঁও এর পীরগঞ্জ থানার ,এফআইআর নং-২০/২৩৪, তারিখ- ২৭ ডিসেম্বর, ২০২১; জি আর নং-২৩৪/২১, তারিখ- ২৭ ডিসেম্বর, ২০২১; সময়- ০৫.১৫ ঘটিকা ধারা- ৩৬(১) সারণির ১৯(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮; ৩। (1J7AG) ঠাকুরগাঁও এর পীরগঞ্জ থানার ,এফআইআর নং-৩৩/২১২, তারিখ- ৩০ অক্টোবর, ২০২০; জি আর নং-২১২/২০২০, তারিখ- ৩০ অক্টোবর, ২০২০; ধারা- ৩৬(১) সারণির ১৪(ক)/৪১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮; ৪। (2M3UC) ঠাকুরগাঁও এর পীরগঞ্জ থানার ,এফআইআর নং-১০/২৮৫, তারিখ- ১২ সেপ্টেম্বর, ২০১৭; ধারা- ১৯(১) এর ৯(ক)/২৫ ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন।

**ধৃত ২নং আসামী শ্রী প্রদীপ দাস(২০) এর বিরুদ্ধে নিম্নোক্ত মামলায় জড়িত পাওয়া গেলো:** ১। (5G6K7) ঠাকুরগাঁও এর পীরগঞ্জ থানার ,এফআইআর নং-২১, তারিখ- ২০ আগস্ট, ২০২৫; জি আর নং-২৩৮, তারিখ- ২০ আগস্ট, ২০২৫; ধারা- ৩৬(১) সারণির ২৯(ক)/৪১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮

**পলাতক ৩নং আসামী শ্রী শ্যামল দাস(২২) এর বিরুদ্ধে নিম্নোক্ত মামলায় জড়িত পাওয়া গেলো:** ১। (57XK7) ঠাকুরগাঁও এর পীরগঞ্জ থানার ,এফআইআর নং-১৪, তারিখ- ১১ জানুয়ারি, ২০২৫; জি আর নং-১৪, তারিখ- ১১ জানুয়ারি, ২০২৫; সময়- ১৬.১৫ ঘটিকা ধারা- ৩৬(১) সারণির ২৯(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮

CS CamScanner

## <u>জব্দকৃত মালামালের বর্ণনাঃ-</u>

১। মোট ১২৭৫(এক হাজার দুইশত পঁচাত্তর) পিচ ট্যাপেনটাডল ট্যাবলেট উদ্ধার করি। যাহার প্যাকেটের গায়ে ইংরেজিতে Tapentadol Tablet 100 mg সহ ইংরেজিতে অন্যান্য লেখা আছে। যাহার প্রতিটির ওজন ০.২৭ গ্রাম, হিসেবে সর্বমোট ওজন (১২৭৫×০.২৭)=৩৪৪.২৫ (তিনশত চুয়াল্লিশ দশমিক পঁচিশ) গ্রাম, যাহার মূল্য অনুমান (১২৭৫×২০০)=২,৫৫,০০০/- (দুই লক্ষ পঞ্চান্ন হাজার) টাকা।

CamScanner